দৈনিক বাংলা

তারিখ 15 DEC 1991
পৃষ্ঠা ১ ... কলাম ২

# শিক্ষাঙ্গনে নৈরাজ্য সৃষ্টি করে জাতিকে ধ্বংসের চেষ্টা চলছে ঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত আলোচনা সভায় ভাইস চ্যান্সেলর প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, একাত্তরে বুদ্ধিজীবীদের হত্যার মাধ্যমে জাতিকে ধ্বংসের চেষ্টা করা হয়েছিল। সে চেষ্টা সফল হয়নি। আজ আবার শিক্ষাঙ্গনে অশান্তি ও নৈরাজ্য সৃষ্টির মাধ্যমে জাতিকে ধ্বংসের চেষ্টা চলছে। শিক্ষা ধ্বংস হলে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে নৈরাজ্য সৃষ্টি

(প্রথম পৃঃ পর)

জাতির ধ্বংস অনিবার্য। এ কারণেই সম্মিলিত চেষ্টার মাধ্যমে শিক্ষাঙ্গনগুলি অবশ্যই রক্ষা করতে হবে।

শহীদ বুদ্ধিজীবীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে ভাইস চ্যান্সেলর বলেন, সুখী ও সমৃদ্ধ দেশ প্রতিষ্ঠার মাধ্যমেই শহীদ-দের প্রতি প্রকৃত শ্রদ্ধা দেখানো সম্ভব।

আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন প্রো ভিসি প্রফেসর ওয়াকিল আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরী, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ সেলিম, কারিগরি কার্মচারী সমিতির সাধারণ সম্পাদক একেএম আবু মুসা চৌধুরী, ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক ফেকুলাল ঘোষ, ডঃ সৈয়দ আনোয়ার হোসেন, ডঃ মোহাম্মদ ইব্রাহীম, প্রফেসর সৈয়দ আহমদ খান প্রমুখ।

### ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভোরে বিশ্ববিদ্যালয় মসজিদ প্রাঙ্গণ, জগন্নাথ হল ও ফুলার রোড এলাকায় নির্মিত শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পণ করে।

বিকালে সমিতির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। প্রফেসর আনোয়ারউল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় কয়েকজন শিক্ষক শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বক্তৃতা করেন।